রঘুনাথগঞ্জ শাখায়
মাত্র '৭৫\ টাকায় রেডিও
বাকী টাকা কিস্তিতে দেয়
ইলেকট্রনিকের সকল রকম
ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের
বিশেষ কনশেসন
ধনরাজ ব্রাদার্স এণ্ড কোং
মুরারই বীরভূম
শাখা—রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ পশ্চিমবঙ্গ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা।
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৪শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১লা ফাল্গুন বুধবার, ১৩৭৪ ইং 14th Feb. 1968 | ৩৮-শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. S.

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুল ও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• সুলভ মূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

খাস জনতা
কেরোসিন কুকার
প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

এই তো খেলার দিন—
ক্রিকেট, ভলিবল, ব্যাডমিণ্টন।
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

১লা ফাল্গুন বুধবার সন ১৩৭৪ সাল।

## ॥ শ্রীপঞ্চমীর শ্রী ( ছিরি ) ॥

--o—

শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ও বিভিন্ন সংঘ-সমিতির সারস্বতবর্গ রুচি ও ক্ষমতা অনুযায়ী মহাসমারোহে বাগ্দেবীর অর্চনা সুসম্পন্ন করিয়াছেন। সংঘ-সমিতি-গুলিতে অবশ্য ইহার জের কিছুদিন ধরিয়াই চলিতে থাকে। বিচিত্রানুষ্ঠান, অভিনয়, আলোকসজ্জা ও কর্ণবিদারী মাইক বাজান এই পূজার একটি বিশেষ আঙ্গিক। এবারে একটি পূজা মণ্ডপে শ্রীপঞ্চমীর সুপ্রভাতে "পাগল মুঝে কর দিয়া"—গানখানি পাড়া কাঁপাইয়াছিল। তখন না বুঝিলেও পরে বুঝিয়াছিলাম, সুনির্বাচিত এই রেকর্ডখানি বাজাইবার সার্থকতা আছে।

বাণী-বন্দনার বহু পূর্ব হইতেই যে প্রস্তুতি চলে, তাহাও লক্ষণীয়। রাস্তায় রাস্তায় ঘোষিত হয় শালু কাপড়ে 'শিশু-কিশোর-বালক-তরুণ-যুবক-বন্ধু-মিলনী-সৎসঙ্গী-অমরজ্যোতি-উদয়' দলগুলির প্রস্তুতি পর্ব। আঁতকাইয়া উঠে বুক। চাঁদার খাতা আসিতে আর দেরী নাই। অস্তসমিতি আর বৃদ্ধ-সংঘ বাদ গেল কেন? যাহা হউক, সংঘকে কেন্দ্র করিয়া বালক, তরুণ, যুবক ( পড়ুয়া অথবা সে পাট চুকাইয়া দেওয়া )—দিব্য মশগুল হইয়া পূজা প্রকরণের প্ল্যান কষে। পূজার তিনটি দিন ও তাহারও পরে কিছুদিন আনন্দ চলে।

এক এক পাড়ায় চার পাঁচটি দল ব্যাঙের ছাতার মত গজায়। কোথাও কোথাও চোঙপ্যাণ্ট T-শার্টে কায়দাদুরস্ত ভাবখানা বজায় রাখিয়া একনিষ্ঠ ভক্তেরা মণ্ডপের চতুর্দিকে ঘুর ঘুর করেন। 'তমসো মা জ্যোতির্গময়' মনোভাবটি বড় স্পষ্ট! হরেক রংয়ের বিজলীবাতি টাঙ্গান আর কাপড় বাঁধার চোটে

প্রতিমা অস্থির। সংঘীদের 'মনভোম্‌রা' সংঘের মণ্ডপ-কোটায় আবদ্ধ থাকায় মণ্ডপের চাকচিক্য-বিধানেই সময় যায়। দেবী জলগ্রহণ করেন অপরাহ্ণে। ভক্তির পরাকাষ্ঠায় মাইকে সমানে বাজিয়া চলিয়াছে 'ছোটীসী মুলাকাৎ প্যার্ বঙ্গালী' ......, 'বোল্ রাধা ....'; '.... আবদুল্লা নাগিন-বালা ....', 'মেরে গদ্ধা......' প্রভৃতি গানের রেকর্ড। নির্বাচন তারীফযোগ্য। বাংলা গান মা শুনিবেন কি করিয়া? হিন্দী যে রাষ্ট্রভাষা! দেশের ছাত্র ও যুব সমাজের সহযোগিতার উজ্জ্বল দৃষ্টান্ত। প্রতিমা-নিরঞ্জন শোভাযাত্রায় ধুনাচি লইয়া উদ্দাম নৃত্য অথবা হিন্দী ছায়াছবির 'হিট' করা ছবির নটের বিজাতীয় নৃত্য অনুকরণ করিয়া মায়ের প্রসাদ ভিক্ষা দেখিবার মত। কোন কোন প্রতিমা নটীর ভঙ্গিমায় বরমুদ্রা ( বক-মুদ্রা ? ) প্রদর্শনরতা।

আপন আপন সন্তানকে লেখাপড়ায় নিষ্ঠাবান্ করিয়া তুলিবার চেষ্টায় শঙ্কা বিহ্বল গৃহস্থ মাসিক খরচের ঘাটতি বাজেটে 'শাকের আঁটি' দিয়া বাড়ীতে সরস্বতী পূজা করিয়াছেন। পূজার সময়ে সন্তানগণ নিজ নিজ ক্লাবের মণ্ডপে। নমো নমো করিয়া পূজা সারিয়া মাইক-ব্যাণ্ড-আলোকসম্পাতের প্রাচুর্য দেখাইতে পারিলেই হইল। তাই সরস্বতী পূজা এত ব্যাপক। দুর্গোৎসব হইতে উৎসাহের যে জোয়ার, শ্রীপঞ্চমীর পর তাহার ভাটা। সাধারণ মানুষ স্বস্তির নিঃশ্বাস ফেলে। কারণ বছরের বাকী সাতটি মাস তাঁহারা চাঁদা যোগাইবার পীড়ন হইতে নিষ্কৃতি পাইলেন। শ্রীপঞ্চমী আজ নেশা, পেশা অথবা অবসরবিনোদন—কোন্‌টি? সত্যই, যে কেহ মনে করিতে পারেন—"পাগল মুঝে কর দিয়া"।

---

## দৌড়ঝাঁপ প্রতিযোগিতায় সাফল্য

গত ২৭শে ও ২৮শে জানুয়ারী বহরমপুরে অনুষ্ঠিত এম, ডি, এস্, এ, পরিচালিত জেলার রেজেষ্ট্রীভুক্ত এ্যাথলেটিক টীমসমূহের বার্ষিক দৌড়ঝাঁপ প্রতি-যোগিতায় রঘুনাথগঞ্জের 'অগ্নিফৌজ' ৪৫ পয়েণ্ট পাইয়া রানার্স কাপ লাভ করে। এই ক্লাবের সভ্য শ্রীমান্ পার্থসারথি ব্রহ্ম ১৬ পয়েণ্ট পাইয়া ব্যক্তিগত চ্যাম্পিয়নশিপ লাভ করেন।

---

## প্রাপ্ত

( মতামতের জন্য সম্পাদক দায়ী নহেন )

## লাল নিশানের হুঙ্কার

গত ১৩-২-৬৮ তারিখে জঙ্গিপুর মহাবিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে রঘুনাথগঞ্জ ফাঁসিতলার মোড়ে এস-এফ ( কোন পন্থী ?! ) কর্মী শ্রীতাপস রায়ের উস্কানিতে ছাত্রনেতা ও পি-এস-ইউ মহকুমা সম্পাদক শ্রীস্বদেশ আচার্য এর উপরে দলগত-ভাবে দৈহিক অত্যাচার ও অসৌজন্যমূলক ব্যবহার করা হয়। বিশেষ সংবাদে জানা যায় এস-এফ কর্মীদের এইরূপ বিকৃত রুচির নমুনা দেখিয়া উপস্থিত জনসাধারণের ঘৃণার উদ্রেক হয়। ঘটনাটি মহকুমা-শাসকের গোচরীভূত করা হয়।

---

## জঙ্গিপুর কলেজের ছাত্র-সংসদ নির্বাচন স্থগিত

জঙ্গিপুর কলেজে ছাত্রসংসদ নির্বাচন উপলক্ষে গত ৬-২-৬৮ তারিখে ছাত্র-ছাত্রীদের নমিনেশন পেপারস স্ক্রুটিনী হয়। এই স্ক্রুটিনীতে ডি-এস-ও'র পাঁচজনের, নির্দলীয়র তিনজনের নমিনেশন পেপারস পাওয়া যায় নাই। তথাকথিত এস-এফ-এর বিরোধিতা সত্বেও ছাত্রনেতা শিশির সাহা, গোলাম মর্তুজা, স্বদেশ আচার্য প্রমুখ ছাত্রবৃন্দ জঙ্গিপুর মহকুমা-শাসকের নিকট এ সম্পর্কে জানালে মাননীয় মহকুমা-শাসকের নির্দেশে পুনরায় ঐ আট জনের নমিনেশন পেপার গৃহীত হয়। ৯-২-৬৮ তারিখে কলেজে শ্রেণী প্রতিনিধি নির্বাচিত হয়। মোট ৫০টি প্রতিনিধির মধ্যে ডি-এস-ও'র ২০টি প্রার্থী নির্বাচিত হয়। অন্যান্য প্রার্থী নির্দলীয় ও এস-এফ ভুক্ত এইদিন নির্বাচনকে কেন্দ্র করে ছাত্র হাঙ্গামার সৃষ্টি হয়। এর পর থেকে কলেজে ও কলেজ হোষ্টেলে পুলিশ প্রহরা থাকে। ১৩ই ফেব্রুয়ারী অফিস বেয়ারার নির্বাচনে নির্দলীয়রা ডি-এস-ও র সাথে কোয়ালিশনে সম্মত হয়। কিন্তু এইদিন সকাল-বেলার দিকে কলেজে কয়েকটা পটকা ফাটে। কলেজ অধ্যক্ষ জগদানন্দ দত্ত মহাশয় এই পরিস্থিতির জন্য নির্বাচন অনির্দ্দিষ্টকালের জন্য বন্ধ রাখেন।

---

## পৌরসভার রক্তপিপাসু রাজপথ পূর্ত-কর্মের ধূর্ততার মূর্ত-বিকাশ

জঙ্গিপুর পৌরসভার ৪নং ওয়ার্ডে ম্যাকেঞ্জিপার্কে যাওয়ার রাস্তা এবং ৫নং ওয়ার্ডে স্বর্গীয় ইন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের বাটীর পার্শ্বের ( বর্ত্তমানে চাউলপটী রোড নামে খ্যাত ) রাস্তা মাস দুই পূর্ব্বে পাথরকুচি ও পীচ দিয়ে তৈরী হয়েছে। উক্ত রাস্তা দুইটীতে ভালভাবে রোলার না দেওয়ার জন্য বহু স্থানে পাথরকুচি উঠিয়া যাওয়ায় পথচারীদের রাস্তায় চলাচল কঠিন হয়েছে। এই রাস্তার ঠিকাদারের কাজের নমুনা দেখিয়াই তাঁহার কর্ম্মদক্ষতার পরিচয় পাওয়া গিয়াছে। পথচারীগণ ঠিকাদারের বাপান্ত করিয়াই ক্ষান্ত রহিতেছে।

---

## বিবেকানন্দ শিলা স্মারক সমিতি মুর্শিদাবাদ

কন্যাকুমারিকার সন্নিকটে সমুদ্রবক্ষে বিবেকানন্দ শিলায় আনুমানিক পঞ্চাশ লক্ষ টাকা ব্যয়ে বিবেকানন্দের প্রস্তর নির্মিত মন্দির ও ব্রঞ্জ নির্মিত মূর্ত্তি নির্মাণের কাজ আরম্ভ হইয়াছে। এই উপলক্ষে অর্থ সংগ্রহের জন্য সারা ভারতে বিবেকানন্দ শিলা স্মারক সমিতি গঠিত হইয়াছে। মুর্শিদাবাদ জেলায়ও বিশিষ্ট শিক্ষাব্রতী, বুদ্ধিজীবি ও বিভিন্ন অঞ্চলের নাগরিকদের লইয়া অর্থ সংগ্রহের উদ্দেশ্যে শক্তিশালী জেলা সমিতি গঠিত হইয়াছে।

সভাপতি—শ্রীঅমূল্যচরণ গুহ, অধ্যক্ষ, কৃষ্ণনাথ কলেজ। সহ-সভাপতি—শ্রীব্রজরাখাল বন্দ্যোপাধ্যায়, জেলা বিদ্যালয়-পরিদর্শক। শ্রীপরেশচন্দ্র ঘোষ, অধ্যক্ষ, মুর্শিদাবাদ ইন্‌ষ্টিটিউট অব টেকনোলজি। শ্রীরণজিৎ গঙ্গোপাধ্যায়, প্রধান শিক্ষক কৃষ্ণনাথ কলেজ স্কুল। শ্রীসুরেন্দ্রনারায়ণ সিংহ।

সাধারণ সম্পাদক—শ্রীপুলককুমার সরকার।

কোষাধ্যক্ষ—শ্রীসুধীররঞ্জন সান্যাল

সহ-সম্পাদক—অধ্যাপক শ্রীদীপককুমার বাগচী ( বহরমপুর ) শ্রীনরেন্দ্রনারায়ণ বন্দ্যোপাধ্যায় (কান্দী) অধ্যাপক শ্রীপ্রীতিকুমার রায় চৌধুরী ( লালবাগ ) শ্রীকেতকীকুমার পাল ( জঙ্গিপুর )

---

## পারিতোষিক বিতরণ ও ক্রীড়া প্রতিযোগিতা

গত ৭-২-৬৮ তারিখে মির্জ্জাপুর দ্বিজপদ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের বার্ষিক পারিতোষিক বিতরণী উৎসব মুর্শিদাবাদ জেলা স্কুল পরিদর্শক মহাশয়ের সভাপতিত্বে মহাসমারোহে অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীবৃন্দ সঙ্গীত, আবৃত্তি প্রভৃতিতে অংশ গ্রহণ করিয়া উক্ত অনুষ্ঠানকে আকর্ষণীয় করিয়া তোলে। ছাত্রগণ কর্ত্তৃক অভিনীত 'ব্যাণ্ডমাষ্টার' নাটিকা সমবেত দর্শকমণ্ডলীকে মুগ্ধ ও চমৎকৃত করে।

গত ৯-২-৬৮ তারিখে উক্ত বিদ্যালয়ের নিজস্ব মাঠে যথারীতি বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা স্থানীয় মহকুমা-শাসক শ্রীশিবরাজ সিং মহাশয়ের সভাপতিত্বে ও শ্রীমতী সিং এর আতিথ্যে অনুষ্ঠিত হয়। গ্রামীন জনসাধারণ এবং ছাত্র-ছাত্রীগণের মধ্যে বিপুল আগ্রহ ও উদ্দীপনার সঞ্চার করে। অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা তাহাদের পূর্বতন ঐতিহ্যকে বজায় রাখিয়া অধিকতর নিয়মশৃঙ্খলা ও দায়িত্ব-বোধের পরিচয় দেয়।

---

## হাসপাতালে স্বেচ্ছাসেবক

জার্মান রেড ক্রশ ডি, আর কে, নামে পরিচিত। এদের পরিবেশিত এক সংবাদে প্রকাশ যে এদের প্রচারের ফলে জার্মান তরুণ-তরুণীরা এখন প্রচুর সংখ্যায় নার্সের কাজে আগ্রহী হয়ে উঠেছে। এদের জীবন-ত্রাণ বিভাগের সাতারুরা বহু বিপন্ন ব্যক্তিকে উদ্ধার করেছে। এদের আরেকটি বিভাগের স্বেচ্ছা-সেবকরা বাড়ী বাড়ী গিয়ে শিশুপালন শিক্ষা দেয়। ডি, আর, কের আসল কাজ দ্বিতীয় মহাযুদ্ধে হারানো ব্যক্তিদের অনুসন্ধানের কাজ এখনও পুরোদমে চলছে।

---

## রঘুনাথগঞ্জে চাউলের দর

বর্ত্তমানে রঘুনাথগঞ্জ বাজারে সাধারণ চাউল প্রতি কেজি ১·৯০ হইতে ২·০০ দরে বিক্রয় হইতেছে।

চাউল ক্রয় করিতে অপারগ জনসাধারণ ভূট্টা, ভূট্টার ময়দা, বজরার ময়দা, কলাই, কলাইয়ের আটা সকরকন্দ, সরবতী খাইয়া কোন রকমে জীবনধারণ করিতেছে।

---

## জঙ্গিপুর মহাবিদ্যালয়ের খবর

বসন্ত উৎসব উপলক্ষে জঙ্গিপুর মহাবিদ্যালয়ে আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়। ঐ প্রতিযোগিতায় ১ম স্থান অধিকার করেন স্বদেশ আচার্য ( ৩য় বর্ষ বিজ্ঞান ) ২য় সমাপিকা দত্ত ও ৩য় বিজন হাজরা। ঐ উৎসবে নাটক ও বিচিত্র অনুষ্ঠানের আয়োজন করা হয়।

প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য গত মাসের শেষ সপ্তাহে আন্তঃ কলেজ বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় জিয়াগঞ্জ শ্রীপৎ সিং মহাবিদ্যালয়ে। জঙ্গিপুর মহা-বিদ্যালয়ের দুইজন ছাত্র স্বদেশ আচার্য এবং শিশির সাহা ঐ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করেন এবং শ্রীআচার্য দ্বিতীয় স্থান অধিকার করিয়া জঙ্গিপুর কলেজ ও জঙ্গিপুরবাসীর গৌরব বৃদ্ধি করেন।

---


### জমি বিক্রয়

রঘুনাথগঞ্জে জেলখানার পূর্ব্বদিকে একখণ্ড বাসোপযোগী ভিটী ও তৎসংলগ্ন একটী ডোবা বিক্রয় হইবে। নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীননীগোপাল সেন কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী
রঘুনাথগঞ্জ ( সদর ঘাট )

---

### বেকার জীবন যে কি ভয়াবহ

তাহা একমাত্র ভুক্তভোগীরাই জানেন

স্বাধীনভাবে বাড়ীতে ব'সে মাসে ১৫০৲ টাকা হইতে ২০০৲ টাকা রোজগার করুন।

গরীবদের জন্য বিশেষ ব্যবস্থা আছে।

**বহরমপুর টেলারিং স্কুল**

২৯, বাবুলবোনা রোড ( রাইকানন )

পোঃ বহরমপুর, মুর্শিদাবাদ।




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গন্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

## আর. পি ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

দাঁত তোলানোর ও বাঁধানোর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ডেণ্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন

পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ


---


*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ৩·০০ তিন টাকা অগ্রিম দেয়, প্রতি সংখ্যা দশ পয়সা

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেণ্টিমিটার ১·০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)